“তোমরা সর্বাগ্রে প্রথম কাতার পূর্ণ করবে, তারপর তার পরবর্তী কাতার পূর্ণ করবে। এরপর কোন কাতার অসম্পূর্ণ থাকলে তা যেন শেষ কাতারে হয়”।

আনাস ইবনু মালিক রাদিয়াল্লাহু ‘আনহু থেকে বর্ণিত, রাসূলুল্লাহ সাল্লাল্লাহু ‘আলাইহি ওয়াসাল্লাম বলেছেন: “তোমরা সর্বাগ্রে প্রথম কাতার পূর্ণ করবে, তারপর তার পরবর্তী কাতার পূর্ণ করবে। এরপর কোন কাতার অসম্পূর্ণ থাকলে তা যেন শেষ কাতারে হয়”।
[সহীহ] [এটি আবূ দাউদ ও নাসাঈ বর্ণনা করেছেন।]

নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম জামাতে সালাত আদায়কারী পুরুষদেরকে প্রথমে প্রথম কাতার পূর্ণ করার নির্দেশ দিয়েছেন, এরপর পরবর্তী কাতার পূর্ণ করতে বলেছেন, এভাবেই একে একে কাতারগুলো পূর্ণ করতে হবে। আর যদি কোনো সারিতে ঘাটতি থাকে, তাহলে তা যেন হয় শেষ সারিতে।

http://www.sunnah.global/hadeeth/bn/show/65738